দৈনিক সংবাদ

তারিখ 31 JUL 1994
পৃষ্ঠা 12 কলাম 5

21

### রাজশাহী মেডিক্যাল কলেজ পরিস্থিতি

# গুলি উদ্ধার ।। ছাত্রদলের ১১ জন গ্রেফতার ।। বোমাবাজি চলছে

রাজশাহী, ৩০শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।- রাজশাহী মেডিক্যাল কলেজে আজ রাত সাড়ে ৯টার দিকে পুনরায় বোমাবাজি হয়েছে। রাত সাড়ে ১০টায় এই রিপোর্ট পাঠানো পর্যন্ত কলেজ হোস্টেল এলাকায় থেমে থেমে বোমা ফাটার শব্দ পাওয়া যাচ্ছিল।

গতকাল রাতে রাজশাহী মেডিক্যাল কলেজ হোস্টেলে ছাত্রদলের দু'টি গ্রুপের সংঘর্ষের পর আজ কলেজ ক্যাম্পাসে থমথমে পরিস্থিতি বিরাজ করে। ক্যাম্পাসে গতকাল রাত থেকেই পুলিশ মোতায়েন করা হয়েছে। এদিকে পুলিশ গতকাল গভীর রাতে পিংকু হোস্টেলের ১১৫ নম্বর কক্ষে তল্লাশি চালিয়ে ২১ রাউন্ড এস এম জির গুলি, ১ রাউন্ড বন্দুকের গুলি ও ১০টি ককটেল উদ্ধার করেছে বলে জানা গেছে। ঐ কক্ষে ছাত্রদলের একটি গ্রুপের ৪ জন কর্মী থাকতো। তল্লাশি চালানোর আগেই এই ৪ জন কর্মী জানালা ভেঙে পালিয়ে যায় বলে জানা গেছে। মেডিক্যাল কলেজ একাডেমিক কাউন্সিল আজ এক জরুরি সভায় মিলিত হয় এবং ঐ চারজন ছাত্রদল কর্মীকে কারণ দর্শাও নোটিশ প্রদান করে। পুলিশ গতকালের ঘটনার সাথে সংশ্লিষ্ট ১১ জন ছাত্রদল নেতা-কর্মীকে গ্রেফতার করেছে। গতকালের সংঘর্ষে পিঠে গুলিবিদ্ধ আতিকের অবস্থা এখনো আশংকাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে।